

চালকের শান্তি দাবিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন সড়ক দুর্ঘটনায় ছাত্রী আহত

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সর্বোদ্যোগে

সড়ক দুর্ঘটনায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর গুরুতর আহত হওয়ার ঘটনার প্রতিবাদে ও দায়ী বাস চালকের শান্তির দাবিতে মানববন্ধন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের কাঠালডাঙ্গায় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের শিক্ষার্থীরা সিএসই সোসাইটির আয়োজনে এই মানববন্ধন কর্মসূচি পালন করেন। মানববন্ধনে শিক্ষার্থীরা অভিজুক্ত চালকের শান্তির দাবি জানিয়ে আহত কারিশমার চিকিৎসার যাবতীয় খরচ বহন করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি আহবান জানান। এছাড়া অদৃশ্য চালক দিয়ে বাস চালনা বন্ধ রাখতে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়। মানববন্ধন শেষে অ্যাম্বুলেন্সে শিক্ষার্থীরা উপাচার্য অধ্যাপক ড. মোঃ আলী আশরাফকে একটি স্মারকলিপি প্রদান করেন।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বহনকারী বিআরটিসির ডাড়া করা একটি বাসের ধাক্কায় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী নাদিয়া আফরিন কারিশমা গুরুতর আহত হন।